

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৫৩-আইন/২০০৭/২১৫২/শুল্ক।— The Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৮০-আইন/২০০৭/২১৩২/শুল্ক, তারিখ ৬-২-১৪১৪ বঙ্গাব্দ/২০-৫-২০০৭ খ্রিস্টাব্দ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের -

(ক) TABLE এর কলাম (1) এর ক্রমিক 03 এর বিপরীতে কলাম (2) ও (3) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“8501.61.90 -AC generators (alternators)  
--Of an output not exceeding 75 KVA  
---Other”; এবং

(খ) পরিশিষ্ট-২ এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট-২ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“পরিশিষ্ট-২

[অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০-০৫-২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৮০-আইন/২০০৭/২১৩২/শুল্ক এর শর্ত (খ) দ্রষ্টব্য]

প্রত্যয়ন পত্র  
[শর্ত (খ) দ্রষ্টব্য]

এতদ্বারা এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব/মেসার্স .....  
এর স্বত্ত্বাধিকারী ..... এই ব্যাংকের একজন সম্মানিত গ্রাহক। তিনি .....  
বৎসর যাবত এই ব্যাংকের সহিত নিয়মিত আর্থিক লেনদেন করিতেছেন। তাহার লেনদেন কার্যক্রম সঙ্গীয়জনক।

জনাব/মেসার্স .....  
কর্তৃক ..... নং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্টে  
আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ Generator Assembling সংক্রান্ত কাজে ব্যবহৃত হইবে।

তারিখঃ

নাম :  
পদবী :  
সীল : ”।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৭ খ্রিস্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(বদিউর রহমান)  
সচিব।